



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২১ অক্টোবর ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

### রাঙামাটিতে আটক দু'জন ইউপিডিএফ সদস্য নয়

'আলোকিত রাঙামাটি' নামে একটি অনলাইন নিউজ পোর্টালে 'রাঙামাটিতে চাঁদার টাকাসহ ইউপিডিএফ'র ২ কালেক্টর আটক' শিরোনামে প্রকাশিত খবরটি মিথ্যা ও বানোয়াট দাবি করে এর প্রতিবাদ জানিয়েছেন ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর রাঙামাটি জেলা সংগঠক সচল চাকমা।

আজ শনিবার (২১ অক্টোবর ২০২৩) সংবাদ মাধ্যমে দেওয়া এক বিবৃতিতে সচল চাকমা বলেন, গতকাল রাঙামাটির মানিকছড়ি এলাকা থেকে আটক হওয়া সুমিত চাকমা (৩৭) ও মেহেদি হাসান রকি (৩৮) দু'জনই একটি প্রাইভেট কোম্পানির কর্মচারি বলে আমরা জানতে পেরেছি। তারা ইউপিডিএফের কোন সদস্য নয়।

বিবৃতিতে তিনি আরো বলেন, পার্বত্য চট্টগ্রামে সাধারণ লোকজনকে অন্যাযভাবে গ্রেফতার করে ইউপিডিএফ'র সদস্য হিসেবে ফাঁসিয়ে দিয়ে রাষ্ট্রীয় বাহিনীর কায়েমী স্বার্থবাদী চক্র নিজেদের আখের গোছাতে চায়। এটি ইউপিডিএফের বিরুদ্ধে গভীর ষড়যন্ত্রেরই অংশ।

তিনি মিথ্যা, বানোয়াট খবর তৈরি করে ইউপিডিএফের ভাবমূর্তি ক্ষুণ্ণ করার অপপ্রয়াস বন্ধের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।